# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**

**ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ।**

(অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধিত ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক)

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ এর খেলাপী ঋণ গ্রহীতা **'মেসার্স এইচ.এম.জি ব্রিকস'**, উইনারপাড়, চুরখাই বাজার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ এর **স্বত্বাধিকারী-জনাব মোঃ নাজমুল হুদা**, জাতীয় পরিচয়পত্র নং-৫০৬৫৭২৩৯৭৪, জন্ম তারিখ: ০২/০২/১৯৭৪ ইং, পিতা-মরহুম গিয়াস উদ্দিন আহমেদ, মাতা-মরহুমা আম্বিয়া খাতুন, ঠিকানা: গ্রামঃ দেওয়ানিয়াবাড়ী, ইউনিয়ন: বৈলর, পোস্ট অফিস: কাজির শিমলা-২২০০, থানা: ত্রিশাল, জেলা: ময়মনসিংহ। ঋণ গ্রহীতার নিকট ১২/১১/২০২৫ ইং তারিখে ব্যাংকের পাওনা **টাকা ১,১৯,৯৫,৩৬৮.০৭ (এক কোটি উনিশ লক্ষ পঁচানব্বই হাজার তিনশত আটষট্টি টাকা সাত পয়সা)** আদায়কালতক সুদসহ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্নিত ভূমি সমূহ এবং তদস্থিত যাবতীয় স্থাপনাদি কতক শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**শর্তসমূহ**

০১) প্রত্যেক দরপত্র দাতাকে তার নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), প্রস্তাবিত মূল্য অংকে ও কথায় লিখে এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

০২) দরপত্র নির্ধারিত জামানতসহ **১১-১২-২০২৫ ইং** তারিখ দুপুর ২.৩০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে অথবা খামের উপর 'সম্পত্তি ক্রয় দরপত্র' লিখে রেজিস্টার্ড ডাকযোগে উক্ত ঠিকানায় উল্লেখিত তারিখ এবং সময়ের মধ্যে পৌঁছাতে হবে এবং উক্ত তারিখ দুপুর ৩.০০ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে তফসিলী সম্পত্তি ক্রয়ে সর্বাগ্রে আহ্বান করা হবে।

৩) আগ্রহী দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে বেসিক ব্যাংক লিমিটেড, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে: (ক) উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের ২০%;, (খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের ১৫% এবং (গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের ১০%।

০৪) অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গৃহীত হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

০৫) উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে; ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করতে পারবে।

০৬) দরপত্র গৃহীত না হলে; যৌক্তিক সময় পর লিখিত আবেদনের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরত দেয়া হবে ।

০৭) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮) নিম্নবর্ণিত এক বা একাধিক তফসিল সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল করা যাবে। তবে কোন তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দাখিলকৃত দরপত্র গ্রহনযাগ্য হবে না।

০৯) ক্রয়কৃত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও পৌরকর, ভূমিকর, সরকারী উৎসে কর, মূল্য সংযোজন কর (ভ্যাট), অন্যান্য ট্যাক্স, ইউটিলিটি বিলসহ অন্যান্য যাবতীয় পাওনা/দাবী থাকলে তা অবশ্যই ক্রেতাকে বহন করতে হবে।

১০) নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন। দরপত্র জমা দেয়ার পর প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান, স্বত্ত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবে না।

১১) শর্ত বহির্ভুত কোন সমস্যার উদ্ভব হলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

(ক) জেলা-ময়মনসিংহ, উপজেলা+থানা- ময়মনসিংহ সদর, মৌজা-উনেরপাড়, জে.এল নং-১২৫, খতিয়ান নং আরওআর-৩০ এবং ১৬৪; বি.আর.এস-২৬৫, খারিজি-৬৭৫, দাগ নং আরওআর-৪২৫ এবং ৪২৬, বি.আর.এস-১০৬৪, মোট ভূমির পরিমান-(২.০০+৩৫.০০) শতক = ৩৭.০০ শতক।

(খ) জেলা- ময়মনসিংহ, উপজেলা+থানা-ময়মনসিংহ সদর, মৌজা-উনেরপাড়, জে.এল নং-১২৫; খতিয়ান নং আরওআর-১৬৪ এবং ২৯; বি.আর.এস-২৬৫, খারিজি-৬৭৫, দাগ নং আরওআর-৪৫০ এবং ৪৫১, বি.আর.এস-১০৪৫, মোট ভূমির পরিমান-(৩৭.০০+১৬.০০) শতক = ৫৩.০০ শতক।

(গ) জেলা-ময়মনসিংহ, উপজেলা+থানা-ত্রিশাল, মৌজা-দেওয়ানিয়াবাড়ী, জে.এল নং-১৫২; খতিয়ান নং আরওআর-২৬৩; বি.আর.এস-৩৩৯, খারিজি-৬৪০, দাগ নং আরওআর-৬৬২ এবং ৬৭৯, বি.আর.এস-১২৬৮ এবং ১২৬৬, মোট ভূমির পরিমান-(১২.০০+৬.৫০) শতক = ১৮.৫০ শতক।

**পক্ষে-সহকারী মহাব্যবস্থাপক এবং শাখা প্রধান**

ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ, মোবাইলঃ ০১৭১৪-১৬৬৯৩৪

**প্রথম আলো - ১৭-১১-২০২৫ ইং**

**স্বদেশ সংবাদ - ১৭-১১-২০২৫ ইং**